

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
অধিশাখা-৮।

পরিপত্র

নং : ভূঃমঃ/শা-৮/খাজব/চা বাগান/১৭৫/২০০৮/১৬১

তারিখঃ ০৭/২/২০১১ খ্রিঃ
২৫ মাঘ, ১৪১৭ বঙ্গাব্দ।

বিষয় : চা বাগানের জমি একর প্রতি বার্ষিক ইজারা মূল্য নির্ধারণ।

সরকার চা বাগানের সকল শ্রেণীর জমির বার্ষিক ইজারা মূল্য পুনঃনির্ধারণ করেছে। তাই চা বাগানের সকল শ্রেণীর জমির বার্ষিক ইজারা মূল্য নিম্নোক্ত হারে নির্ধারণ করা হলোঃ-

- (ক) চা বাগানের সকল শ্রেণীর জমি একর প্রতি বার্ষিক ৫০০/- (পাঁচশত) টাকা হারে ইজারা মূল্য নির্ধারণ করা হলো।
- (খ) এ ইজারা মূল্য ১লা বৈশাখ ১৪১৮, খ্রিঃ ১৪/৪/২০১১ তারিখ হতে কার্যকর হবে। তবে ৩০শে চৈত্র ১৪১৭ খ্রিঃ ১৩/৪/২০১১ পর্যন্ত পূর্বের নির্ধারিত হার (১১০/- টাকা একর প্রতি) বলবৎ থাকবে।
- (গ) প্রতি ৫ (পাঁচ) বছর পর পর ইজারা মূল্য পুনঃনির্ধারণ করা হবে।

বিতরণ :

জেলা প্রশাসক

চট্টগ্রাম/সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/পঞ্চগড়।

স্বাক্ষরিত/-

(মোঃ মোখলেছুর রহমান)
সচিব

নং : ভূঃমঃ/শা-৮/খাজব/চা বাগান/১৭৫/২০০৮/১৬১/৭(৫)

তারিখঃ ০৭/২/২০১১ খ্রিঃ
২৫ মাঘ, ১৪১৭ বঙ্গাব্দ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ-

- ১। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম/সিলেট/রংপুর।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড, ১৭১-১৭২ বায়েজিদ বোস্তামী রোড, নাসিরাবাদ, চট্টগ্রাম।
- ৪। উপনিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (তাকে পরবর্তী গজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। চেয়ারম্যান, বাংলাদেশীয় চা সংসদ, প্রোগ্রেসিভ টাওয়ার, ৫ম তলা, ১৮৩৭ শেখ মুজিব রোড, বাদামতলী, আগ্রাবাদ, চট্টগ্রাম।
- ৬। গার্ড ফাইল।

স্বাক্ষরিত/-

(এ.কে.এম, শামসুল আরেফীন)
উপসচিব
টেলিফোন নং- ৭১৬৬৬৩৯।